

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল- ময়মনসিংহ

আদিবা আনোয়ার নিবাস, ২২ অমৃত বাবু রোড, ময়মনসিংহ-২২০০।

নথি নং- ০৫/কঅ-ম/অফিস আদেশ/২০১৭/২০২০-২০২১/ ৭৭৮

তারিখঃ ১০/০৩/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বাচাই কমিটি গঠন সংক্রান্ত

অফিস আদেশ

কর অঞ্চল-ময়মনসিংহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০০২.১৫.০১২.১৫(অংশ-২)/২৭, তারিখঃ ১৩/০৬/২০১৭ খ্রিঃ অনুযায়ী ০৭ (সাত) সদস্য বিশিষ্ট নিম্নরূপ বাচাই কমিটি গঠন করা হলোঃ

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১	কর কমিশনার কর অঞ্চল- ময়মনসিংহ	আহ্বায়ক
২	পরিদর্শী অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-১ কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য
৩	পরিদর্শী যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-২ কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য
৪	উপ কর কমিশনার সদর দপ্তর (প্রায়োগিক) কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য
৫	উপ কর কমিশনার সদর দপ্তর (প্রশাসন) কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য সচিব
৬	সহকারী প্রোগ্রামার কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য
৭	কর পরিদর্শক উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১ (কোম্পানীজ) কর অঞ্চল- ময়মনসিংহ	সদস্য

২। উক্ত কমিটিসমূহের কর্ম-পরিধি ও কার্যপ্রণালী হবে নিম্নরূপঃ

(ক) কমিটির কর্ম-পরিধি:

- ১) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে নিজ নিজ দপ্তরে খেড-৩ হতে খেড-১০ ভুক্ত একজন কর্মচারী ও খেড-১১ হতে খেড-২০ ভুক্ত একজন কর্মচারী নির্বাচন করা।
- ২) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে কর অঞ্চল-ময়মনসিংহের আওতাধীন প্রত্যেক কর সার্কেলে কর্মরত খেড-৪ হতে খেড-১০ ভুক্ত কর্মচারী হতে একজন করে কর্মচারী ও খেড-১১ হতে খেড-২০ ভুক্ত কর্মচারী হতে একজন করে কর্মচারী নির্বাচন করা।
- ৩) শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক কেন্দ্রীয় বাচাই কমিটি (চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত জাতীয় রাজস্ব বোর্ডের কমিটি) হতে প্রয়োজনে পরামর্শ গ্রহণ করা।
- ৪) কর অঞ্চল-ময়মনসিংহের গঠিত কমিটি কর্তৃক শুদ্ধাচার পুরস্কার প্রদানের প্রয়োজনীয় বাজেট বরাদ্দ চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বোর্ড প্রশাসন-৫ শাখায় পত্র প্রেরণ করা।
- ৫) পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে প্রাপ্ত নম্বরসহ প্রতি বছর জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের বোর্ড প্রশাসন-২ (শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) শাখায় প্রেরণ করা।

(খ) কমিটির কার্যপ্রণালী:-

- ১) উক্ত রূপে গঠিত প্রতিটি বাচাই কমিটি প্রতি বছর মে মাসের ৩১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে কর অঞ্চল-ময়মনসিংহের আওতাধীন প্রত্যেক কর সার্কেলে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারী নির্বাচন করবেন। প্রয়োজনে উক্ত কমিটি এক বা একাধিক সভায় মিলিত হবেন।
- ২) অর্থবছরের শুরুতে অর্থাৎ জুলাই মাস হতে অথবা কর্মকর্তা কর্মচারী দায়িত্ব গ্রহণের পর থেকেই তাঁর কার্যক্রম ও অন্যান্য বিষয় নিবিড় পর্যবেক্ষণ করবেন।

(সুকুমার সেনগুপ্ত)

কর কমিশনার (চ.দা.)

কর অঞ্চল-ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৬১২৪ (পি.এ)

e-mail:ctmymensingh@gmail.com

৩০/০৩/২০২১

২০/৩/২০২১